গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
ফোন-০২-৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ-৮৮-০২-৯৫৬২৯১৩
Visit http://www.pwd.gov.bd

স্মারক নং-২৫-৩৬-০০০০-২২০-২০-১২৯-১৫/১৬৮(৪) হি-১ তারিখ- ২৬/০৫/১৪২৩ বঃ
০৭/০৯/২০১৬ ইং

বরাবর,
তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
গণপূর্ত সার্কেল-৪, ঢাকা/ যশোহর/ রাজশাহী/ খুলনা।

**বিষয়ঃ- দৃষ্টি প্রতিবন্ধী শিশুদের জন্য হোস্টেল নির্মাণ (৩৭ ইউনিট) শীর্ষক উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য (প্রকল্প কোড-৭৯৮৩) ২০১৬-২০১৭-আর্থিক সালে ১ম কিস্তির অর্থ বরাদ্দ।**

উপরোক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি আর্থিক সালে খরচ করিবার জন্য মুলধন খাতে ১ম কিস্তিতে ছাড়কৃত অর্থ হইতে =৯৫.০০ লক্ষ (পঁচানব্বই লক্ষ) টাকা মাত্র নিম্নবর্ণিতহারে বরাদ্দ করা হইল ঃ

| ক্রমিক | প্রতিষ্ঠানের নাম | অর্থ বরাদ্দ | গণপূর্ত সার্কেল | গণপূর্ত বিভাগ |
|---|---|---|---|---|
| ১ | উদয়পুর মতিয়ার রহমান মেমোরিয়াল হাই স্কুল, ঝিনাইদহ | ২০.০০ লক্ষ | যশোহর | ঝিনাইদহ |
| ২ | স্ব-রুপনগর (শিশু পরিবার), চাঁপাই নবাবগঞ্জ | ২০.০০ লক্ষ | রাজশাহী | চাঁপাই নবাবগঞ্জ |
| ৩ | মুসলিম নগর, বায়তুল আমান সরকারী শিশু পরিবার, নারায়নগঞ্জ | ৩০.০০ লক্ষ | সার্কেল-৪, ঢাকা | নারায়নগঞ্জ |
| ৪ | গোয়ালখালী হাই স্কুল, খালিশপুর, খুলনা | ২৫.০০ লক্ষ | খুলনা | খুলনা বি-২ |
| | মোট= | ৯৫.০০ লক্ষ | -- | -- |

উক্ত খরচ প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব), দৃষ্টি প্রতিবন্ধী শিশুদের জন্য হোস্টেল নির্মাণ, শীর্ষক প্রকল্প, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকার স্মারক নং-/১৬০৬ তারিখ-১৭/০৮/২০১৬ইং এর দ্বারা মঞ্জুরীকৃত এবং প্রঃহিঃরঃকঃ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকার স্মারক নং-/১৮ তারিখ-০৫/০৯/২০১৬ইং এর দ্বারা প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট পৃষ্ঠাঙ্কনের মাধ্যমে ন্যস্তকৃত =৯৫.০০ লক্ষ (পঁচানব্বই লক্ষ) টাকা হিসাবের কোড নং-৫-২৯৩১-৭৯৮৩-৭০১৬-অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ খাতের চলতি ২০১৬-২০১৭-অর্থ বছরের বাজেট বরাদ্দ হইতে সংকুলান করিতে হইবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করিতে হইবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/পালন পূর্বক খরচ করিবার নিমিত্ত সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীর নিকট পুনঃবরাদ্দ প্রদান করিয়া অত্র অধিদপ্তরকে অবহিত করিতে অনুরোধ করা যাইতেছে। উক্ত অর্থ খরচ করিবার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করিতে হইবে ঃ

শর্ত সমুহঃ-

০১। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী ব্যয় করিতে হইবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হইবে না।
০২। প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ করিয়া অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করিতে হইবে।
০৩। বরাদ্দকৃত অর্থ, সরকারী অর্থ ব্যয় সংক্রান্ত প্রচলিত নীতিমালা অনুযায়ী দৃষ্টি প্রতিবন্ধী শিশুদের জন্য হোস্টেল নির্মাণ (৩৭ ইউনিট) শীর্ষক প্রকল্পের নির্ধারিত পূর্ত কাজ বাস্তবায়নের জন্য ব্যয় করিতে হইবে।
০৪। এই অর্থ ব্যয়ে সরকারের সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।
০৫। এ অর্থ ব্যয়ে ভবিষ্যতে কোন অনিয়ম দেখা দিলে বিল পরিশোধকারী দায়ী থাকিবে।
০৬। অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে অত্র দপ্তরে সমর্পণ করিতে হইবে।

০৭.০৯.১৬
(মোসলেহ্ উদ্দীন আহাম্মদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

০৭/০৯/১৬
(অঃপৃঃদ্রঃ)

০৭/০৯/১৬

Sagor-Social Allot FY=16-17

(পর পৃষ্ঠা হইতে)

স্মারক নং-২৫-৩৬-০০০০-২২০-২০-১২৯-১৫/১১৮/১(২৭) ই-১                                                        তারিখ- ২৬/০৫/১৪২৫ বঃ
                                                                                                                                         ০৭/০৯/২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

০১। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
০৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ------------------- গণপূর্ত জোন ------------------
০৪। মহা-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা।
০৫। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৬। প্রকল্প পরিচালক(যুগ্ম-সচিব), দৃষ্টি প্রতিবন্ধী শিশুদের জন্য হোস্টেল নির্মাণ (৩৭ ইউনিট), শীর্ষক প্রকল্প, সমাজসেবা অধিদপ্তর, সমাজসেবা ভবন, আগারগাঁও, ঢাকা। পূর্ব পৃষ্ঠায় বর্ণিত তাঁহার স্মারক নং ও তারিখের প্রেক্ষিতে।
০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/(মনিটরিং এন্ড অডিট), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
০৮। উপ-সচিব, বাজেট অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। উপ-প্রধান (পরিকল্পনা), সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১১। নির্বাহী প্রকৌশলী, ------------------- গণপূর্ত বিভাগ -------------------
১২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত মনিটরিং বিভাগ, ঢাকা।
১৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, -----------------------
১৪। নির্বাহী প্রকৌশলী (ই/এম), এম.আই.এস সেল, পূর্ত ভবন, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা। ইহা পূর্ব পৃষ্ঠায় বর্ণিত স্মারক নং ও তারিখের বরাতে।
১৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
১৮। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, -------------------
১৯। গার্ড ফাইল, হিসাব শাখা-১/হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(মোসলেহ উদ্দীন আহম্মদ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

Sagor-Social Allot FY=16-17